

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনরা,

আপনারা জানেন কি যে "একজন সাধারণ" আমেরিকান ২৪ কোয়ার্ট আইসক্রীম ও ৬৮ কোয়ার্ট পপকর্ন খায় ? আপনার কি একবারও মনে হয় না এই রকম সাধারণত এই সব রাশি ও নম্বরগুলি আসে কীভাবে ? আমাদের পরবর্তী অধ্যায়ের বিষয় এইরকম বিশ্লেষণ – নম্বর, তথ্য বা মাপযোগ্য তথ্যের।


আপনারা এখানে তিনটি পদ্ধতি শিখবেন যা আপনাদের সাহায্য করবে অংকের শ্রেণীর আদর্শটি খুঁজে বের করতে – অর্থাৎ মধ্যমা, মোড ও গড়। উদাহরণ স্বরূপ, আপনি হয়ত আপনার ১৫-জন বন্ধুকে বললেন গতমাসে তারা কটা সিনেমা দেখেছে জানাতে। প্রথমত আপনারা তথ্যগুলিকে বড় থেকে ছোট হিসাবে একটি তালিকাতে সাজান।

০, ০, ০, ০, ০, ২, ২, ২, ২, ৩, ৩, ৩, ৩, ৪, ৬

- এই তালিকার মধ্যমা নম্বরটি হচ্ছে মধ্যস্থানেরটা, অর্থাৎ ২।
- মোড সেই নম্বর যা বেশি বার এসেছে, অর্থাৎ ০।
- গড় হচ্ছে সেই নম্বর যা আপনারা পাবেন সর্বমোটকে, অর্থাৎ ৩০টি সিনেমাকে, আপনার সব কজন বন্ধুদের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে। অর্থাৎ $30 \div 15$ বা ২।

তাই আপনি সিদ্ধান্তে আসতে পারেন যে আপনার বন্ধুরা গত মাসে গড়ে ২টি সিনেমা দেখেছে।

তথ্যের বিশ্লেষণের সঙ্গে সঙ্গে তথ্যকে চিত্রের মাধ্যমে তুলেধরাটাও জরুরী। আপনারা হয়ত রেখাচিত্র বা বারচিত্রের সঙ্গে পরিচিত, কিন্তু এই অধ্যায়ে আমরা শিখব হিস্টোগ্রাম, স্টেম-অ্যান্ড-লিফ-প্লট, ডবল বারচিত্র এবং লাইন-প্লটও। উপরের নম্বরগুলিকে নিচে লাইন-প্লটের মাধ্যমে তুলে ধরা হল।



লেখচিত্র বা গ্রাফ আমাদের সাহায্য করতে পারে আঙ্কিক আদল চিহ্নিতকরণে এবং তার থেকে সিদ্ধান্তে আসতে। এই লাইন প্লটের দিকে ভাল করে দেখুন, এখান থেকে কি বোঝা যাচ্ছে যা আগে নম্বরগুলি যখন তালিকা হিসাবে দেওয়া ছিল তার থেকে বোঝা যায়নি ?

শব্দাবলী এখানে আমরা যে নতুন শব্দগুলি শিখব তা হল :

শ্রেণীবিভাগ

গড়

বিকেন্দ্রিক

হিস্টোগ্রাম

মধ্যমা

শ্রেণী

লাইন প্লট

মোড

স্টেম-অ্যান্ড-লিফ-প্লট

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আগামী কিছু সপ্তাহে, আপনার ছাত্র/ছাত্রীরা ক্লাসরুমের এই রকম আঙ্কিক তথ্যের বিষয়ে উৎসাহী হয়ে উঠতে পারে। আপনারা তাদেরকে বলুন সাধারণত কীধরনের তথ্য একত্র করা হয় এবং কেন – যেমন মুদিখানার খরিদ, টেলিফোনের মতামত সমীক্ষা, রাজনৈতিক এক্সিজট পোল, অথবা একটি ওয়েবসাইটে কতজন এসেছিলেন।

